



থ্যেপিয়ান
THESPIAN
An International Refereed journal
ISSN 2321-4805

THESPIAN

MAGAZINE

An International Refereed Journal of Inter-disciplinary
Studies

Santiniketan, West Bengal, India

DAUL A Theatre Group©2013-15

Editor

Bivash Bishnu Chowdhury

Title: Dreaming Together [*Jugal Swapna*]

Author(s): Bonoful (Balai Chand Mukhopadhyay)

Translation(s): Trina Maitra

DOI: <https://doi.org/10.63698/thespian.v3.2.YSNE5750>

Published: 23 December 2015

Dreaming Together © 2015 by Trina Maitra is licensed under CC BY-NC 4.0. To view a copy of this license, visit <https://creativecommons.org/licenses/by-nc/4.0/>

Yr. 3, Issue 6, 2015

Autumn Edition
September-October



যুগল স্বপ্ন

----- বনফুল (বলাই চাঁদ মুখোপাধ্যায়)

সুধীর আসিয়াছে। তার হাতে একটা ফুলসুন্দর রজনীগন্ধার ডাঁটা। চোখে মুখে হাসি। তাহার সমস্ত মন যেন পাখা মেলিয়া উড়িতে চাহিতেছে।

সুধীর আসিয়াই বলিল – “হাসি, আজ একটা ভারি সুখবর আছে। কি দেবে বল। তা না হলে বলব না।”

হাসি বলিল – “বলুন না কি?”

“কি দেবে বল আমাকে?”

“কি আর দিতে পারি আমি? আচ্ছা, আপনার রুমালে একটা বেশ সুন্দর এম্ব্রয়ডারি করে দেব। চমৎকার প্যাটার্ন পেয়েছি একটা।”

“না, ওতে আমি রাজী নই।”

“তবে কি চাই আপনার? চকোলেট আছে দিতে পারি।”

“আমি কি কচি খোকা নাকি, চকোলেটে তুষ্ট হব?”

হাসি হাসিয়া ফেলিল। বলিল – “তা হলে শুনতে চাই না, যান। এম্ব্রয়ডাই করে দেব বললাম, চকোলেট দিতে চাইলাম, তাতে যখন আপনার – ”

সুধীর বলিল – “চললাম তা হলে।”

হাসি আবার ডাকিল – “বলবেন না কিছুতে?”

“একটা জিনিস পেলে বলতে পারি। সেই যে, সেদিন যা চেয়েছিলাম।” – বলিয়া সে অর্থপূর্ণ দৃষ্টিতে হাসির পানে চাহিয়া হাসিল।

হাসি হঠাৎ লজ্জা পাইয়া সামলাইয়া লইল। বলিল – “আপনাকে বলেছি তা হয় না।”

কিন্তু সুধীরের মুখের দিকে চাহিয়া সে ভয় পাইল। সে শুনিল, সুধীর বলিতেছে – “মনে করেছিলাম খবরটা খুব লঘু

হাস্য-পরিহাসের মধ্য দিয়ে প্রকাশ করব। কিন্তু পারলাম না। মাপ করো আমায়। শুনে এলাম তোমার বিয়ে



সাঁতরাগাছিতে সেই পাত্রটির সঙ্গে ঠিক হয়ে গেছে।”

বলিয়া সুধীর চলিয়া গেল।

হাসি ডাকিল – “সুধীরদা শুনে যান।”

সুধীর ফিরিয়া আসে নাই।

দুই

অলকা আসিয়াছে।

সেই অলকা, যাহাকে একবার দেখিবার জন্য অজয় সমস্ত দিন অপেক্ষা করিত – কখন সন্ধ্যাবেলায় সে আসিবে!

অলকা আসিয়া বলিতেছে – “আচ্ছা অজয়দা, ইংরিজীতে ‘পেট’ বলে কোনও কথা আছে নাকি?”

অজয় বলিল – “হ্যাঁ আছে, ‘পেট’ মানে মাথা।”

“আমাদের বরুণাদি তা হলে ঠিক বলেছেন তো!”

অজয় বলিল – “আচ্ছা, মুণ্ডুর ইংরিজী কি বল তো?”

অলকা মিটিমিটি তাকাইয়া বলিল – “হেড।”

“হেড মানে তো মাথা।”

“মুণ্ডু মানেও তো মাথা।”

অজয় হাসিয়া বলিল – “এই বুঝি তোমার বাংলা ভাষার জ্ঞান! মাথা আর মুণ্ডু বুঝি একই বস্তু!”

অলকা হাসিয়া বলিল – “তফাত কি?”

অজয় গম্ভীরভাবে বলিল – “তোমার সঙ্গে আর ওই পাঁচি ধোপানীটির সঙ্গে কোনও তফাত নেই তা হলে বল। দুজনেই তো মেয়েমানুষ!”

অলকা জিজ্ঞাসা করিল – “পাঁচি ধোপানীটি কে?”

“ওই যে তোমাদের গলিটার মোড়ে একজন ধোপার মেয়ে আছে। কম বয়স – তোমার বয়সী হবে।”

অলকা বক্র হাসি হাসিয়া কহিল – “আজকাল অজয়দা দেখছি সমস্ত জিনিসই বেশ পুঙ্খানুপুঙ্খরূপে দেখতে আরম্ভ করেছেন! ধোপানী পর্যন্ত বাদ পড়ে না!”



অজয় বলিল – “নিশ্চয়। নিজের জিনিসটি যে ভালো সেটা যাচাই করে দেখে নিতে হবে না?”

“কে আপনার নিজের জিনিস?”

“আছে একজন।”

অলকা হঠাৎ অন্যমনস্ক হইয়া পাশের টেবিলটা গোছাইতে লাগিল।

অজয় জানালা দিয়ে অকারণে বাহিরের দিকে চাহিয়া রহিল।

দুইটি স্বপ্ন দুইজনে দেখিতেছে।

অত্যন্ত ঘনিষ্ঠভাবে দুইজন পাশাপাশি শুইয়া আছে।

হাসির হাতখানা অজয়ের বুকের উপর।

হাসি ও অজয় – স্বামী-স্ত্রী।



Dreaming Together

---- Bonoful

(Balai Chand Mukhopadhyay)

Translated by *Trina Maitra, M. Phil.*, Department of English, Jadavpur University, W.B., India.

I

A bouquet of tuberose in hand, Sudhir enters, beaming with joy. As if like a free bird he would soar unto dizzying heights.

Scurrying in, Sudhir says, “Hashi, here I bring a wonderful piece of news. But until and unless I get to know what I’ll be getting in exchange, I’ll keep my lips tightly pursed.”

Craning her neck, Hashi shoots a glance at Sudhir. A glance, both curious and playful. “You’ll never get over your habit of teasing, eh? What is it? Tell me now. Please”, she pleads.

“My prize?”

“What can I offer? Let me think. How about a pretty little embroidery pattern on your handkerchief?”

“I won’t trade this news for just a stitch work. Something else, perhaps?”

“Chocolates, then?”



“What? Chocolates!” blurts out Sudhir in wide-eyed surprise. “Am I a child to be lulled with chocolates?”

Hashi could not help but burst into laughter. With a smile still dangling at the corners of her mouth, she feigns anger, “Stitch work, chocolates—nothing interests you, I see. What more can I offer? Fine, then. Let it be. You don’t have to disclose what it is.”

“As you wish. I guess I should be leaving then”, continues Sudhir in an equally playful strain.

“Such a hard-to-please man you’ve become, these days. You won’t budge for anything, then?”

“I will. If I get that one thing I had asked for the last day. If you remember...” He leaves the words unuttered, only to speak a thousand more with a single glance.

Hashi blushes a deep red. A brief pause ensues. “What you ask for is not possible. I’ve told you before”, she murmurs softly, with her head bent low. She can hear her heart racing down a wild, wild maze, reaching out for a new horizon. She raises her head slowly. She senses a change in the contours of Sudhir’s face. There is something very unsettling about his expression. She can hear Sudhir say, “I thought I would somehow manage to convey the news to you in a jaunty way. I tried hard. I did. But I could not. Forgive me Hashi. I’ve just come to learn that your marriage has been fixed with that man from Santragachhi”.

Having finally conveyed the news, Sudhir walks away.

“Sudhir da, listen to me. Please come back. Sudhir da...”

But Sudhir leaves, never to return again.



II

Aloka has come. That very Aloka, to get a glimpse of whom Ajay would wait all day long.

“Before I forget Ajay da, is there any word called ‘pet’ in English?” Aloka asks after approaching.

Ajay replies mischievously, “Yes of course. ‘Pet’ means ‘matha’.”

“Really?”

“If you have any doubt then consult dictionary. ‘Pet’ means ‘matha’.

“Oh! Then Baruna di was right.”

“Can you tell me what the English of ‘mundu’ is?” asks Ajay.

Looking in flickering dim eyes, she answers, “Head”.

“Oh ‘Head’ means ‘matha’.”

“Mundu’ similarly means ‘matha.’”

“Is this your knowledge of English? How can you say that ‘matha’ and ‘mundu’ are same?”

replies Ajay, grinning.

“What is the difference?” giggles Aloka.

In a mock serious tone Ajay asks, “You mean there’s no difference between you and that washerwoman, then? Both are women, after all.”



“Washerwoman? Who are you talking about?”

“The onewho resides just opposite your lane. She’s pretty young”, winks Ajay. “I guess the same age as yours”.

A wry smile whizzespast Alok’s face. “You’ve become a meticulous observer these days, I see. Even the washerwoman isn’t being spared”.

“Of course. In order to appreciate light, you need to pit it against darkness. Likewise, in matters of the heart, you need to follow the same. I, too, need to be assured that mine is the best”, he says, chortling.

“Yours? Ajay da, who are you referring to? asks Alok with strange inquisitive eyes.

“There’s someone...” says Ajay, taking a deep breath.

Alok suddenly moves aside, unmindfully thumbing through the pages of the book lying on the table. Ajay, too, walks to the window, staring at the distant horizon.

Two different individuals weaving their own yarns of fantasies. Lying on the bed, pressed against each other. Hashi rests her hand delicately on Ajay’s broad chest. Ajay and Hashi-- husband and wife.